# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৪৫

১/ বিবিধ

আরবী

ملعون من لعب بالشطرنج

موضوع

أخرجه الديلمي (4/63) عن عباد بن عبد الصمد عن أنس رفعه

قلت: وهذا موضوع، آفته عباد هذا قال البخاري: منكر الحديث

وقال ابن حبان

" روى عن أنس نسخة كلها موضوعة "

وقال الحافظ السخاوي في " عمدة المحتج في حكم الشطرنج " (9/1)

" وقد سئل عنه النووي؟ فقال: لا يصح "

ونحوه ما أورده السيوطي في " الجامع " من رواية عبدان وأبي موسى وابن حزم عن حبة بن مسلم مرسلا به وزاد

" والناظر إليها كالآكل لحم الخنزير "

قال المناوي

" وحبة هذا تابعي لا يعرف إلا بهذا الحديث، وفي " الميزان ": إنه خبر منكر "

قلت: وهو من رواية ابن جريج عن حبة، وقال في أصح الطريقين عنه ـ وكلاهما ضعيف

" حدثت عن حبة بن مسلم "

فله علتان: الإرسال والانقطاع

বাংলা

১১৪৫। যে দাবা খেলে সে ব্যক্তি অভিশপ্ত।

হাদিসটি বানোয়াট।

হাদীসটি দায়লামী (৪/৬৩) আব্বাদ ইবনু আবদিস সামাদ সূত্রে আনাস (রাঃ) হতে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এটি বানোয়াট। এর সমস্যা হচ্ছে এ আব্বাদ, তার সম্পর্কে ইমাম বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস। ইবনু হিব্বান বলেনঃ তিনি আনাস (রাঃ) হতে একটি কপি বর্ণনা করেছেন যার সবগুলোই বানোয়াট।

হাফিয সাখাবী "উমদাতুল মুহতাজ ফী হুকমিশ শাতরঞ্জ" গ্রন্থে (৯/১) বলেনঃ ইমাম নাবাবীকে এর সম্পর্কে জিজ্ঞেস করা হয়েছিল। তিনি বলেনঃ হাদীসটি সহীহ নয়। ইমাম সুয়ূতী "আল-জামে" গ্রন্থে অনুরূপ একটি হাদীস আবদান, আবু মূসা ও ইবনু হাযম সূত্রে হাব্বাতু ইবনু মুসলিম হতে মুরসাল হিসেবে বর্ণনা করেছেন। তাতে বলা হয়েছেঃ “সাতরঞ্জের দিকে দৃষ্টি দানকারী শুকুরের মাংস ভক্ষণকারীর ন্যায়।”

ইমাম মানবী বলেনঃ এ বর্ণনাকারী হাব্বা একজন তাবেঈ, তিনি এ হাদীস ব্যতীত অন্য কোন হাদীস বর্ণনা করেছেন বলে জানা যায় না।

“আল-মীযান” গ্রন্থে এসেছে যে, এ হাদীসটি মুনকার।

আমি (আলবানী) বলছিঃ হাদীসটি ইবনু জুরায়েজের বর্ণনায় হাব্বা হতে বর্ণিত হয়েছে। কিন্তু সূত্র দুটিই দুর্বল।

এ হাদীসের সনদে দুটি সমস্যাঃ মুরসাল ও মুনকাতি (সনদে বিচ্ছিন্নতা) হওয়া।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=72024

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন